গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০৩৭.১৪-২৬৪

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ / ১৩ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পরিকল্পনা বিভাগের ৬২টি শূন্য পদে জনবল নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক, পরিকল্পনা বিভাগে জনবল নিয়োগ সংক্রান্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি (১২ ইঞ্চি × ৬ ইঞ্চি আকারে) আপনার পত্রিকায় জরুরী ভিত্তিতে হুবহু প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশের পর সংশ্লিষ্ট পত্রিকার কপি পরিকল্পনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনা মোতাবেক ০৩(তিন) পাতা।

১৬.৮.২০১৮

(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯১১৫৭১৬
Email: ds.admin3@plandiv.gov.bd

<u>বিতরণঃ</u>

০১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক জনকন্ঠ, জনকন্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০৩৭.১৪

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ / ১৩ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১। যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০২। উপসচিব (সাধারণ অধিশাখা-২), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।

১৬.৮.২০১৮

(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)
উপসচিব

D:\Admin-3\Recruitment\Appoinment-2016\Advertise.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০৩৭.১৪-২৬৬

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতভুক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পূরণযোগ্য পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যের বিবরণ নিম্নরূপ:

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৩১টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড- ১৩) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) বাংলা ও ইংরেজী সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতিসম্পন্ন;<br>ঘ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ গতিসম্পন্ন;<br>ঙ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | নরসিংদী, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, নেত্রকোনা, কুড়িগ্রাম, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি ও হবিগঞ্জ জেলা ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৯টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড- ১৩) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) বাংলা ও ইংরেজী সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতিসম্পন্ন;<br>ঘ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ গতিসম্পন্ন;<br>ঙ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, জামালপুর, টাঙ্গাইল, ফরিদপুর, শরিয়তপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, চাঁদপুর, নাটোর, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠী ও হবিগঞ্জ জেলা ব্যতীত অন্য সকল জেলার শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার অধিকারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড- ১৬) | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ গতিসম্পন্ন। | ময়মনসিংহ বিভাগ, খুলনা বিভাগ, বরিশাল বিভাগ, নারায়ণগঞ্জ জেলা, চট্টগ্রাম জেলা, ব্রাহ্মণবাড়িয়া জেলা, নওগাঁ জেলা ব্যতীত অন্যান্য বিভাগ ও জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪। ক্যাটালগার | ১টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড- ১৬) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ;<br>খ) লাইব্রেরী সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। | রাজশাহী বিভাগ ব্যতীত অন্যান্য সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য...

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। ট্রেসার | ২টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড- ১৬) | ক) সরকার কর্তৃক অনুমোদিত কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সিভিল ড্রাফটিং-এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) এ উত্তীর্ণ; অথবা<br>খ) সিভিল ড্রাফটিং-এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল)-এ উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা। | সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬। সর্টার | ১টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড- ২০) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। | সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭। অফিস সহায়ক | ১৪টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড- ২০) | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | ময়মনসিংহ বিভাগ, খুলনা বিভাগ, বরিশাল বিভাগ, নরসিংদী জেলা, ফরিদপুর জেলা, গোপালগঞ্জ জেলা, রাজবাড়ী জেলা, টাঙ্গাইল জেলা, ব্রাহ্মণবাড়িয়া জেলা, চাঁদপুর জেলা, খাগড়াছড়ি জেলা, নোয়াখালী জেলা, রাঙ্গামাটি জেলা, পাবনা জেলা, নওগাঁ জেলা, দিনাজপুর জেলা, গাইবান্ধা জেলা, ঠাকুরগাঁও জেলা, মৌলভীবাজার জেলা ও সুনামগঞ্জ জেলা ব্যতীত অন্যান্য বিভাগ ও জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী:**

(১) আবেদনকারী প্রার্থীদেরকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট (http://recruitment.plandiv.gov.bd) হতে নির্ধারিত চাকরির আবেদন ফরম হুবহু অনুসরণ করে তা পূরণক্রমে আবেদনপত্র প্রিন্ট করে স্বাক্ষর দিয়ে ছবি ও প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র ডাকযোগে (কুরিয়ার সার্ভিসসহ) আগামী ৩০/০৯/২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপসচিব, প্রশাসন অধিশাখা-৩, পরিকল্পনা বিভাগ, ব্লক নং-৯, কক্ষ নং-১৬, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে। উল্লেখ্য, ওয়েবসাইটের মাধ্যমে ২০/০৮/২০১৮ খ্রি: থেকে ২০/০৯/২০১৮ খ্রি: তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না। চাকরির আবেদন ফরম পূরণের বিস্তারিত তথ্য http://recruitment.plandiv.gov.bd এই ঠিকানায় পাওয়া যাবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।

(২) আবেদনকারীকে ক্রমিক ১ হতে ৫ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা এবং ক্রমিক ৬ ও ৭ নং পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর অনুকূলে (কোড নং-**১১৪০১০১১০৩৩৬৩-১৪২২৩২৬**) অফেরতযোগ্য ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

(৩) আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

(৪) ৩০/০৯/২০১৮ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৫) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৬) ক্রমিক ১, ২, ৩ ও ৭ নং পদসমূহ "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" এবং ক্রমিক ৪, ৫ ও ৬ নং পদসমূহ "পরিকল্পনা বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

(৮) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদের সংখ্যা বাড়াতে বা কমাতে পারবেন। এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। শূন্যপদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৯) প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই এর পর কেবলমাত্র ত্রুটিহীন আবেদনপত্রের প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(১০) লিখিত পরীক্ষাসহ সকল পরীক্ষার ফলাফল (শুধুমাত্র কৃতকার্য প্রার্থীদের) পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটের (www.plandiv.gov.bd) মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য...

(১১) নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।

(১২) প্রত্যেক প্রার্থীকে আবেদন পত্রে নিজ ঠিকানা উল্লেখপূর্বক ০৬ (ছয়) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫″ × ৪.৫″ মাপের ১টি ফেরৎ খাম পাঠাতে হবে।

১৩) যে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৪) উপরের যে কোন শর্ত ভঙ্গ করলে অথবা প্রয়োজনীয় সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করা না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(১৫) এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং চাকরির আবেদন ফরম পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে।

১৬.৮.২০১৮

(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)
উপসচিব (প্রশাসন অধিশাখা-৩)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।